



পদ পরিবর্তন কী?

- ১) আমরা পৃথিবীতে বসবাস করি।
পার্শ্ব বিষয়ের প্রতি শ্রীরামকৃষ্ণ উদাসীন ছিলেন।
- ২) গর্তে পড়ে গিয়ে রামবাবু পায়ে আঘাত পেয়েছেন।
আহত সৈনিকদের তাঁবুতে আনা হয়েছে।

এখানে দেখো :

- ১) নং বাক্যে 'পৃথিবী' পদটি বিশেষ্য এবং 'পার্শ্ব' পদটি বিশেষণ।
- ২) নং বাক্যে 'আঘাত' পদটি বিশেষ্য এবং 'আহত' পদটি বিশেষণ।

এইভাবে একধরনের পদ থেকে অন্য ধরনের পদে পরিবর্তিত করাকে বলা হয় পদ পরিবর্তন।

পদ পরিবর্তনের সংজ্ঞা

বিশেষ্য পদকে বিশেষণ পদে বা বিশেষণ পদকে বিশেষ্য পদে পরিবর্তন করাকে পদ পরিবর্তন বলে।

উপরোক্ত পদদুটি ছাড়া ক্রিয়াপদেরও পদান্তর করা যায়। কিন্তু সর্বনাম এবং অব্যয় পদগুলির পদান্তর সাধন করা যায় না। কারণ, সর্বনাম পদগুলি বিশেষ্য পদের পরিবর্তে বসে এবং অব্যয় পদগুলির কোনো ব্যয় বা পরিবর্তন হয় না।

পদ পরিবর্তনের নমুনা

বিশেষ্য থেকে বিশেষণ পদে রূপান্তর

বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ
আসন	আসীন	আদেশ	আদিষ্ট	অবশেষ	অবশিষ্ট
আরম্ভ	আরম্ভ	মিথিলা	মৈথিল	আঘাত	আহত
আশ্রয়	আশ্রিত	মুদ্রণ	মুদ্রিত	ক্রম	ক্রমিক
মোহ	মুগ্ধ	শিক্ষা	শিক্ষিত	প্রতীচী	প্রতীচ্য
সন্ধ্যা	সান্ধ্য	প্রস্থান	প্রস্থিত	লাভ	লব্ধ
শ্রবণ	শ্রুত	লজ্জা	লজ্জিত	লোপ	লুপ্ত
পুষ্প	পুষ্পিত	গৃহ	গৃহী	গোঁড়ামি	গোঁড়া

বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ
সংক্ষেপ	সংক্ষিপ্ত	সময়	সাময়িক	কণ্টক	কণ্টকিত
গ্রাম	গ্রাম্য, গ্রামীণ	সংকেত	সাংকেতিক	প্রীতি	প্রীত
কোপ	কুপিত	ইতিহাস	ঐতিহাসিক	ইহ	ঐহিক
অপসারণ	অপসারিত	অভিপ্রায়	অভিপ্রেত	ঘৃণা	ঘৃণিত, ঘৃণ্য
আলোড়ন	আলোড়িত	আশ্বাস	আশ্বস্ত	ইন্দ্রজাল	ঐন্দ্রজালিক
উত্তরণ	উত্তীর্ণ	আত্মা	আত্মিক, আত্মীয়	অধ্যয়ন	অধীত
স্নায়ু	স্নায়বিক	ব্যবহার	ব্যবহার্য	ব্যাঘাত	ব্যাহত
ভোগ	ভোগ্য	উন্নয়ন	উন্নীত	উদ্ভাস	উদ্ভাসিত
চিত্র	চিত্রিত	ত্যাগ	ত্যক্ত, ত্যাজ্য	পল্লব	পল্লবিত
প্রেরণ	প্রেরিত	চর্ষণ	চর্বিত	অঙগ	আঙ্গিক
মীমাংসা	মীমাংসিত	অগ্নি	আগ্নেয়	মরণ	মৃত
ভ্রম	ভ্রান্ত	কায়	কায়িক	ক্রোধ	ক্রুদ্ধ
ব্যথা	ব্যথিত	বিড়ম্বনা	বিড়ম্বিত	ক্রয়	ক্রীত
তিরোধান	তিরোহিত	পিতা	পৈতৃক	প্রতিঘাত	প্রতিহত
প্রবেশ	প্রবিষ্ট	চন্দ্র	চান্দ্র	জল	জলীয়
মায়া	মায়াবী	আদর	আদরণীয়	উদয়	উদিত
মার্জনা	মার্জিত	পাঠ	পাঠ্য	ঈশ্বর	ঐশ্বরিক
জাতি	জাতীয়	সারল্য	সরল	মুখ	মৌখিক, মুখর
আশঙ্কা	আশঙ্কিত	চিন	চৈনিক	উত্তাপ	উত্তপ্ত
দারিদ্র্য	দরিদ্র	অবসান	অবসিত	অনুষ্ঠান	অনুষ্ঠিত
উদাসীন	ঔদাসীন্য	শিব	শৈব	সিঞ্জন	সিঞ্চিত
অণু	আণবিক	অভ্যর্থনা	অভ্যর্থিত	শ্রদ্ধা	শ্রদ্ধেয়
শরৎ	শারদ, শারদীয়	অনুরোধ	অনুরুদ্ধ	উপকার	উপকৃত
সূর্য	সৌর	অনুগ্রহ	অনুগ্রহীত	উৎক্ষেপণ	উৎক্ষিপ্ত
আসক্তি	আসক্ত	দুঃখ	দুঃখিত	উপন্যাস	ঔপন্যাসিক
বিধান	বিহিত, বিধেয়	অনুষঙ্গ	আনুষঙ্গিক	অসুর	আসুরিক
স্বাস্থ্য	স্বাস্থ্য	শুদ্ধি	শুদ্ধ	প্রণাম	প্রণত
স্পন্দন	স্পন্দিত	নির্বাচন	নির্বাচিত	ঔচিত্য	উচিত



পদ পরিবর্তন

বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ
ধর্ম	ধার্মিক/ধর্মীয়	নিশা	নৈশ	হর্ষ	হৃষ্ট
নগর	নাগরিক	দান	দত্ত/দেয়	নীতি	নৈতিক
দেহ	দৈহিক	চাতুর্য	চতুর	উৎকর্ষা	উৎকর্ষিত
দণ্ড	দণ্ডিত	বাহন	বাহিত	বিঘ্ন	বিঘ্নিত
উদ্ধার	উদ্ধৃত	উপার্জন	উপার্জিত	উপমা	উপমিত
উল্লাস	উল্লাসিত	বিদ্যা	বিদ্বান	প্রয়াণ	প্রয়াত
বধ	বধ্য, হত	নরক	নারকীয়	ধারণ	ধৃত
দোষ	দুষ্য	নিমিত্ত	নৈমিত্তিক	ভূগোল	ভৌগোলিক
উপদ্রব	উপদ্রুত	বায়ু	বায়বীয়	বিশ্বাস	বিশ্বস্ত

বিশেষণ থেকে বিশেষ্য পদে রূপান্তর

বিশেষণ বিশেষ্য বিশেষণ বিশেষ্য